

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ ডিসেম্বর ২০২১ খ্রি.

**বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস পালনে চসিকের কর্মসূচি পর্যালোচনা সভা  
৭১'র চেতনাকে হৃদয়ে ধারণ করে এই উল্লাস পালন করতে হবে: মেয়র**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, এবারের বিজয় দিবস ত্রিমাত্রিক রূপ লাভ করেছে। বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস মানেই বাঙালি জাতির প্রাণের উল্লাস বাঁধা ভাঙ্গা খুশির জোয়ার। ৭১'র চেতনাকে হৃদয়ে ধারণ করে এই উল্লাস পালন করতে হবে। তিনি বলেন, স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে স্বাধীনতা অর্জনের পর যারা আমাদের দেশকে তলাবিহীন ঝুঁড়ির দেশ হিসেবে অপমান অপদস্থ করেছিল তারাই আজ বাংলাদেশের অগ্রগতির প্রশংসায় পঞ্চমুখ। বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশের কাতারে অনেক দেশের জন্য রোলমডেল। সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে আমাদের লড়াই সংগ্রামের ইতিহাস ও মুক্তিযুদ্ধের চেতনাই হবে অনুপ্রেরণা। আজ সোমবার সকালে আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবনের কে.বি আবদুচ সাত্তার মিলনায়তনে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস পালন উপলক্ষে চসিক কর্তৃক গৃহিত কর্মসূচি বাস্তবায়নে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন। এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার মোজাফফর আহমেদ, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলম, সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি আবদুস সালাম মাসুম, সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মো. নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সেলিম আকতার চৌধুরী, পিডিবি'র উপবিভাগীয় প্রকৌশলী মো. খোরশেদ আলী চৌধুরী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সহকারি পরিচালক মো. ফারুক হোসেন, ওয়াসার নির্বাহী প্রকৌশলী আজিজুর রহমান, সিএমপি'র এ.ডি.সি(ট্রাফিক) রইস উদ্দিন, টি.আই অনিল বিকাশ চাকমা, চকবাজার থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ফেরদৌস জাহানসহ চসিক কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলরবৃন্দ।

মেয়র মহান বিজয় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিকেল ৩টা ৩০মিনিটে শপথ পাঠ অনুষ্ঠান (ভার্চুয়ালি) যথাযথভাবে পালন করতে প্যারেড ময়দানে সকলকে উপস্থিত হওয়ার আহ্বান জানান।

বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস পালন উপলক্ষে চসিক কর্তৃক গৃহিত কর্মসূচি সমূহ নিম্নরূপ ১৪ ডিসেম্বর সকাল ১০টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজে চিত্রাংকন ও দেশের গানের প্রতিযোগিতা, ১০টা ১মি. শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে পাহাড়তলী বধ্যভূমিতে তাদের স্মরণে পুষ্পস্তবক অর্পন, ১৬ ডিসেম্বর সূর্যোদয়ের সাথে সাথে কেন্দ্রীয় শহীদ মিনারে চসিক মেয়র কর্তৃক পুষ্পার্ঘ্য অর্পন, ৭টা ৩০মি. টাইগারপাসস্থ চসিক নগর ভবন চত্বরে বঙ্গবন্ধু প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন, ৮টা ১মি. চট্টগ্রাম কলেজ সংলগ্ন প্যারেড মাঠে কর্পোরেশন পরিচালিত স্কুল-কলেজ সমূহের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং কর্মকর্তা-কর্মচারীদের সমাবেশ, ৮টা ৩০মি. সমাবেশে পবিত্র কোরান থেকে তেলওয়াত, ৮টা ৩৫মি. প্যারেড মাঠে জাতীয় পতাকা ও চসিক পতাকা উত্তোলন এবং বেগুন উড়ানো, ৮টা ৪৫মি. সমাবেশে চসিক মেয়র'র ভাষণ, ৮টা ৫৫মি. সমাবেশ স্থলে প্যারেড পরিদর্শন, কুচকাওয়াজ ও সালাম গ্রহণ, ৯টা ৪৫মি. প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন, ৯টা ৫৫মি. সমাবেশ স্থলে ছাত্র-ছাত্রীদের ডিসপ্লে প্রদর্শন, ১০টা ৫৫মি. প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে এবং ৭১'র রনাঙ্গনের মুক্তিযোদ্ধাদের জন্য সমাবেশ স্থলে মুক্তিযোদ্ধা কর্ণার থাকবে। এরপর ১৯ ডিসেম্বর সকাল ১১টায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে চসিক কর্তৃক বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হবে। এতে সভাপতিত্ব করবেন চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী।

### চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

**অস্বাস্থ্যকর পরিবেশে বেকারীপণ্য উৎপাদন ও বাজারজাত করায়  
ওয়েলফুড কারখানাকে ৩ লক্ষ টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে চান্দগাঁও থানাধীন বিসিক কালুরঘাট ভারি শিল্প এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে মিস্ট্রিগরু এবং বেকারীপণ্য উৎপাদন এবং বাজারজাত করার অপরাধে ওয়েলফুড কারখানার বিরুদ্ধে মামলা রুজুপর্বক ৩লা টাকা জরিমানা করা হয়। একই দিন পলিথিন মুক্ত পরিবেশ বান্ধব নগর গড়ার লক্ষ্যে কাজীর দেউরী বাজার, চকবাজার ও কর্ণফুলী বাজারে পরিচালিত অভিযানে চকবাজারের একটি দোকানে পলিথিন ব্যাগ পাওয়ায় দোকানদারকে ৫শত টাকা ও মাংসবিহীন দিবসে মাংস বিক্রি করার অপরাধে দুই দোকানদারকে ২হাজার টাকা জরিমানা করা হয়। পরিবেশের জনস্বাস্থ্যকর পলিথিন বর্জনের জন্য বাজারের ব্যবসায়ী এবং ক্রেতা সাধারণকে নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ বৃদ্ধি পাওয়ায় এবং মশার বিস্তার রোধে ২৮নং পাঠানটুলী ওয়ার্ডে মশক নিধন কার্যক্রম সুপারভিশন ও মনিটরিং করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩